তারিখ ...U 8. MAY 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ......

সমকাল

# যৌন হয়রানির কথা স্বীকার আহছানউল্লাহর সেই শিক্ষকের

■ সমকাল প্রতিবেদক

যৌন হয়রানির মামলায় গ্রেফতার আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাহফুজুর রশিদ ফেরদৌস ছাত্রীদের যৌন হয়রানির কথা স্বীকার করেছেন। দুই দিনের রিমান্ড শেষে গতকাল শনিবার দুপুরে ঢাকা মহানগর মুখ্য হাকিম (সিএমএম) কাজী কামরুল ইসলামের আদালতে হাজির করা হলে তিনি যৌন হয়রানির অভিযোগ স্বীকার করে জবানবন্দি দেন।

সিএমএম আদালতের সাধারণ নিবন্ধন কর্মকর্তা (জিআরও) এসআই পার্থ চ্যাটার্জি বলেন, শিক্ষক ফেরদৌসের স্বীকারোক্তিমূলক জবানবন্দি আদালত রেকর্ড করেছেন। এর আগে গত বৃহস্পতিবার তার বিরুদ্ধে আদালতে জবানবন্দি দেন যৌন হয়রানির শিকার আহছানউল্লাহর পাঁচ ছাত্রী। শিক্ষার্থীদের অভিযোগ, তড়িৎকৌশল বিভাগের শিক্ষক ফেরদৌস বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টরের দায়িত্বে থাকায় ছাত্রীদের নানাভাবে যৌন হয়রানি করতেন। বিভাগে নিজের কক্ষে ছাত্রীদের ডেকে এনে অনৈতিক প্রস্তাব দিতেন। তার কক্ষে না এলে পরীক্ষার খাতায় নম্বর কম দেওয়ার হুমকি দিতেন তিনি।